# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতি বিভাগ থেকে **দুইটি** করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১. জীবিকার তাগিদে শহরে এসে যুবক করিম মিয়া রিকশা চালান। একদিন তার রিকশায় উঠেছিল দুজন মেডিকেল কলেজের ছাত্র রাসেল ও আশফাক, ভাড়া মিটিয়ে নেমে যাবার সময় ভুল বশতঃ রাসেল তার মানিব্যাগটি ফেলে যায়, চালকও বিষয়টি প্রথমে খেয়াল করেনি। পরে করিম মিয়া ভাবল বিশ্ববিদ্যালয়ের ছাত্রের মানিব্যাগে নিশ্চয়ই প্রয়োজনীয় কাগজপত্র থাকবে। তাই সে আবার ছাত্রদের আবাসিক হলে গিয়ে মানিব্যাগটি অফিসে জমা দিলো।

ক. 'পড়ে পাওয়া' গল্পটি কোন গ্রন্থ থেকে নেওয়া? ১

খ. গুপ্ত মিটিং বসার কারণ কী ছিল? বুঝিয়ে বলো। ২

গ. উদ্দীপকে 'পড়ে পাওয়া' গল্পের কোন শিক্ষাটি লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের করিম মিয়ার আচরণ 'পড়ে পাওয়া' গল্পের একটি বিশেষ তাৎপর্যকে ধারণ করেছে?" তোমার মতামত দাও। ৪

২. গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে
কবি শোনালেন তাঁর অমর কবিতাখানি
এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম
সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের।

ক. রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী? ১

খ. ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণকে ঐতিহাসিক ভাষণ বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকে 'কবি' ও 'অমর কবিতা' বলতে কী বুঝানো হয়েছে? বঙ্গবন্ধুর ভাষণের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের' কীভাবে? বঙ্গবন্ধুর ভাষণের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. রিনার দেশীয় পণ্য ব্যবহারের প্রতি রয়েছে গভীর অনুরাগ। সে সব সময় দেশীয় কাপড় পরিধান করে। লোকশিল্পের নানা উপকরণ দিয়ে ঘর সাজায়। এমনকি বন্ধুদেরকে উপহার দেয় লোকশিল্পের নানা জিনিস। বন্ধু জনির বিয়েতে উপহার দেবার জন্য তৈরি করে এনেছে শীতলপাটি। রিনার বিশ্বাস, লোকশিল্পগুলো বাঁচিয়ে রাখলে বিশ্ব দরবারে বাংলাদেশি পণ্যের সুনাম ছড়িয়ে পড়বে।

ক. জামদানি কারিগরদের বাস কোথায়? ১

খ. 'লোকশিল্পের ভিতর দিয়ে হৃদয়-মনের প্রকাশ ঘটে' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. জনির বিয়েতে দেয়া শীতলপাটিটি কোন অঞ্চলকে কেন্দ্র করে গড়ে উঠেছে? তোমার পঠিত 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'লোকশিল্পগুলো বাঁচিয়ে রাখলে বিশ্বের দরবারে সাড়া জাগাবে।' রিনার এ বিশ্বাস 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

### খ অংশ — পদ্য

৪. সার্থক জনম আমার জন্মেছি এই দেশে
সার্থক জনম মাগো তোমায় ভালোবেসে।
জানিনে তোর ধন রতন আছে কিনা রাণীর মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।

ক. বাংলা ভাষায় রচিত প্রথম মহাকাব্যের নাম কী?

খ. কবি বর প্রার্থনা করেন কেন? ২

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'বঙ্গভূমির প্রতি' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটিতে দেশপ্রেমের যে পরিচয় পাওয়া যায় 'বঙ্গভূমির প্রতি' কবিতার আলোকে তার মূল্যায়ন করো। ৪

৫. আইরিন জুবাইদা খান নামটি বাংলাদেশের গর্ব। তিনি একজন নারী হয়েও কর্মগুণে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের চেয়ারম্যান হয়ে বিভিন্ন দেশে কাজ করেছেন। তিনি মানবাধিকারের সকল দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করেছেন। তিনি পুরুষ সহকর্মীর সহযোগিতা পেয়েছেন, নারী বলে কোথাও তিনি পিছপা হননি।

ক. কবির কাছে কিসের ভেদাভেদ নাই? ১

খ. কবি বর্তমান সময়কে 'মানুষের যুগ' বলেছেন কেন? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রম 'নারী' কবিতার কোন দিককে উন্মোচিত করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'নারী' কবিতার সমগ্র ভাবকে ধারণ করেনি। বিশ্লেষণ করো। ৪

৬. দিপা আর রূপা যমজ দুই ভাইবোন। দু'জনেই একই ক্লাসে পড়ে সন্ধ্যা বেলা দু'জনে গল্প করে যে আগামী পরীক্ষা দিয়ে তারা কোথায় বেড়াতে যাবে। ফেরিতে যাবার সময় নদীর দৃশ্য, পালতোলা নৌকা, পাখিদের নীল আকাশে ওড়ার দৃশ্য দেখবে। তারপর দিপা বলল, যাতে তুমি ভয় না পাও কিংবা এগুলো দেখতে গিয়ে পড়ে না যাও সেজন্য আমি তোমাকে শক্ত করে ধরে রাখব।

ক. ছোকানুর কাছে কয়টি আনি আছে? ১

খ. 'আমি পদ্মার রাজা'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের রূপার প্রতি দিপার মমত্ববোধ আর ভালোবাসার দিকটি 'নদীর স্বপ্ন' কবিতার আলোকে তুলে ধরো। ৩

ঘ. উদ্দীপকের ভাবার্থ 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্র বিষয়বস্তুকে ইঙ্গিত করে কি না তা মূল্যায়ন করো। ৪

### গ অংশ — আনন্দপাঠ

৭. পাঞ্চু মহাজনের আম বাগানে জাহিদ মিয়াকে প্রহরী নিয়োগ দিলেন। আম পাকার পর মেহমানকে খাওয়ানের জন্য মহাজন তাকে কয়েকটা ভালো আম আনতে বলেন। কিন্তু কয়েকটা আম টক হওয়ায় মহান তার উপর রেগে যান। তখন প্রহরী বলেন, আমিতো কোনো দিন কোনো গাছের আম খেয়ে দেখিনি। সেজন্য কোন গাছের আম খেতে কেমন তা কী করে জানবো?' মহাজন এ কথা শুনে হতবাক হয়ে যান।

ক. 'খুব জলপাই খেতে ইচ্ছে করছে'— এ উক্তিটি কার? ১

খ. 'বিস্ময়ের ভান' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের জাহিদ মিয়ার সাথে 'কিশোর কাজি' গল্পের নাজিম চরিত্রের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকের পাঞ্চু মহাজন 'কিশোর কাজি' গল্পের কোজাই চরিত্রের প্রতিরূপ কি না তা বিচার করো। ৪

৮. শরিফ মিয়া জমির চাষাবাদ সম্প্রসারণের জন্য তার গ্রামের মহাজনের কাছ থেকে ১৫ হাজার টাকা ঋণ নেয়। সে তেমন পড়ালেখা জানে না। এ টাকা নেবার সময় মহাজন দেড়শত টাকার স্ট্যাম্পযুক্ত কাগজে শরিফ মিয়ার টিপসই রাখে। জমির ফসল পেয়ে সে টাকা পরিশোধ করতে গেলে মহাজন তাকে বলে, 'তুমি তো ঐ জমিটা আমার কাছে ৬০,০০০/- (ষাট হাজার) টাকায় বিক্রি করেছ।' শরিফ মিয়া আইনের আশ্রয় নিতে বাধ্য হলো।

ক. ড্যাকাট-কী? ১

খ. পোর্শিয়াকে অনেকেই বিয়ে করতে চেয়েছিল কেন? বুঝিয়ে লেখ। ২

গ. 'উদ্দীপকের মহাজন চরিত্রের সঙ্গে 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের শাইলক চরিত্রটি সাদৃশ্যপূর্ণ।' ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকটি 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের সব দিককে উন্মোচন করেনি।' মূল্যায়ন করো। ৪

৯. মাসুমের জন্ম একটি দরিদ্র পরিবারে। চার ভাই-বোনের বড় সংসারে সে ৫ম হিসেবে আবির্ভূত হলেও সে পরিবারের জন্য কোনো মঙ্গল বহন করেনি। তার বাবার সকল সময় চিন্তায় থাকতো কীভাবে নতুন মুখের আহার্যের সংস্থান হবে। অপরদিকে একটি সচ্ছল পরিবারে ইমরানের জন্ম। পরিবারটি ছোটি ও সচ্ছল বলে সেখানে আনন্দের সীমা ছিল না।

ক. টম কী রকম ছেলে? ১

খ. সত্যিকার রাজকুমার বের করতে রাজকীয় সিলের ভূমিকা কী ছিল? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের মাসুম চরিত্রের সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সাদৃশ্য ও বৈসাদৃশ্যকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্প অবলম্বনে মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কোন অপভ্রংশ থেকে বাংলা ভাষার জন্ম?
ক মাগধী অপভ্রংশ খ পূর্ব মাগধী অপভ্রংশ
গ আসামি অপভ্রংশ ঘ দক্ষিণ মাগধী

২. বাংলা ভাষার সাথে কোন ভাষাগুলোর ঘনিষ্ঠ আত্মীয়তা রয়েছে—
i. হিন্দি, গুজরাটি
ii. আসামি ও ওড়িয়া
iii. মাগধী, ভোজপুরিয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. কোন উৎসবটি আঞ্চলিক?
ক নববর্ষ পহেলা বৈশাখ খ হালখাতা
গ পুণ্যাহ ঘ আমানিও

৪. ছায়ানট কী?
ক একটি রাজনৈতিক সংগঠন
খ একটি সাংস্কৃতি সংগঠন
গ একটি বিশ্ববিদ্যালয়
ঘ একটি মেলার নাম

৫. দৌলত কাজী কত শতকের কবি?
ক উনবিংশ শতকের খ বিংশ শতকের
গ আঠারো শতকের ঘ সতের শতকের

৬. মূল রাস্তা থেকে বর্মি পাড়া কোন দিকে?
ক বাম দিকে খ ডান দিকে
গ পশ্চিম দিকে ঘ পূর্ব দিকে

৭. 'সব সুন্দরই সরাসরি প্রয়োজনের বাইরে' বলতে কী বোঝানো হয়েছে—
i. প্রয়োজনের মধ্যে সৌন্দর্য প্রকাশ পায় না
ii. অপ্রয়োজনীয় অংশেই কেবল মানব মনকে তৃপ্ত করে
iii. প্রয়োজন আর অপ্রয়োজন মিলে সৌন্দর্যের প্রকাশ ঘটে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. কোনটি চিত্রকলার মাধ্যম নয়?
ক কালি-কলম খ জল রং
গ গতি বা ছন্দ ঘ তেল রং

৯. কোনটি নাটক নয়?
ক স্বাধীনতা আমার স্বাধীনতা
খ বাংলাদেশের নাটকের ইতিবৃত্ত
গ সাত ঘাটের কানাকড়ি
ঘ হাস্য লাস্য ভাস্য

১০. 'সুখী মানুষ' নাটিকাতে সবচেয়ে বেশি বয়স কার?
ক মোড়ল খ লোক
গ হাসু ঘ কবিরাজ

১১. খাদি কাপড়ের বিশেষত্ব কী?
ক সবাই পরতে পছন্দ করে
খ তুলা থেকে তৈরি
গ সবটাই হাতে প্রস্তুত
ঘ দেশি জিনিস দিয়ে তৈরি

১২. কামরুল হাসান কত সালে জন্মগ্রহণ করেন?
ক ১৯২২ সালে খ ১৯২১ সালে
গ ১৯১৯ সালে ঘ ১৯১৮ সালে

১৩. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণে কতজন লোক উপস্থিত ছিল?
ক প্রায় দশ হাজার খ প্রায় ১০ লক্ষ
গ প্রায় ১৮ লক্ষ ঘ প্রায় ২০ লক্ষ

১৪. ৭ই মার্চের ভাষণকে কিসের সাথে তুলনা করা হয়েছে—
i. মুক্তির দলিল
ii. গেটিস বার্গের ভাষণ
iii. আবেগে ও দিকনির্দেশনার অনবদ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. 'খাপছাড়া' অর্থ কী?
ক বেমানান খ সীমাহীন
গ হতজ্ঞান ঘ ছন্নছাড়া

১৬. ভূতের ভয়ে নগনের —
i. চামড়া শুকিয়ে গিয়েছিল
ii. হাসি মিলিয়ে গিয়েছিল
iii. চাউনি উদ্ভ্রান্ত ও বলার ভঙ্গি খাপছাড়া হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও
রিনা স্কুলের মাঠে একটি মোবাইল সেট কুড়িয়ে পায়। সে সেটা স্কুলের অফিসে জমা দেয়।

১৭. উদ্দীপকটি তোমার পঠিত কোন গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক মংডুর পথে খ অতিথির স্মৃতি
গ মানবধর্ম ঘ পড়ে পাওয়া

১৮. রিনা ও 'পড়ে পাওয়া' গল্পের কিশোরদের যে শক্তি আমাদের মধ্যে ফুটে ওঠে—
i. নৈতিক শক্তি
ii. চারিত্রিক দৃঢ়তা
iii. তীক্ষ্ণ বিবেচনাবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. মানুষের সত্ত্ব গুণের প্রধান শত্রু কে?
ক রজঃগুণ খ তমঃগুণ
গ ঐশীগুণ ঘ ক্ষাত্রশক্তি

২০. নৈরাশ্য, অবিশ্বাস, জবা ও ক্লৈব্যকে মানুষের কাছে আসতে দেয় না কোন শক্তি?
ক ঐশীশক্তি খ ক্ষাত্রশক্তি
গ তমশক্তি ঘ দিব্যশক্তি

২১. 'শেষ প্রশ্ন' উপন্যাসটি কার লেখা?
ক রবীন্দ্রনাথ ঠাকুর
খ কাজী নজরুল ইসলাম
গ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

২২. লেখকের বাড়িতে কয় ধরনের পাখি আসত?
ক চার খ পাঁচ
গ ছয় ঘ সাত

২৩. রাজা ফেরিদুনের ছোট ছেলের নাম কী?
ক পরীচেহের খ ইরিজি
গ জাল ঘ রোস্তম

২৪. কে আদালতের মধ্যে কাঁদতে শুরু করল?
ক বাসানিও খ শাইলক
গ অ্যান্টনিও ঘ নেরিসা

২৫. ভ্যান বুশেলের পেশা কী ছিল?
ক ওকালতি খ শিক্ষকা
গ ব্যবসায়ী ঘ শিকারি

২৬. তাড়কা রাক্ষসীর পুত্রের নাম কী?
ক সুবাহু খ মারীচ
গ দেবরাজ ঘ দশরথ

২৭. 'সাড়ে তিন হাত জমি' গল্পের মূল লেখক কে?
ক আরভিং খ লেভ তলস্তয়
গ ফেরদৌসী ঘ শেক্সপিয়ার

২৮. যত্নে রাখলে জলপাই বড়জোর কয় মাস টাটকা থাকে?
ক তিন খ চার
গ পাঁচ ঘ ছয়

২৯. নিজের তৈরি কারগারে ভুগে মরবে কে?
ক নারী খ পুরুষ
গ দাস ঘ ভাগী

৩০. 'একুশের গান' কবিতাটির উদ্দেশ্য হলো—
i. অধিকার সচেতন করা
ii. দেশপ্রেমে উদ্বুদ্ধ করা
iii. আত্মপ্রত্যয়ী করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. কবি কামিনী রায় কেন নির্মল নয়নের আঁখিকে শুষ্ক রাখেন?
ক দ্বিধার কারণে খ হতাশার কারণে
গ দুর্বলতার কারণে ঘ সমালোচনার কারণে

৩২. প্রথাবিরোধী কবি বলতে কী বোঝানো হয়েছে?
ক যিনি প্রথাকে অনুসরণ করে লেখেন
খ যিনি গতানুগতিক ধারায় লেখেন
গ যিনি লেখায় বিপ্লবী রূপধারণ করেন
ঘ যিনি গতানুগতিক প্রথার বাইরে লেখেন

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'গোধূলি লগনে জগদীশ স্মরণে
বিদায় লইব জনমের তরে
লুকাইব আমি সন্ধ্যার আঁধারে বাংলা মায়ের ক্রোড়ে।'

৩৩. উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ক স্বদেশচেতনা খ মৃত্যুচেতনা
গ প্রকৃতিচেতনা ঘ ধর্মচেতনা

৩৪. উক্ত সাদৃশ্যপূর্ণ দিকটি ফুটে উঠেছে নিচের কোন চরণে—
i. আবার আসিব ফিরে ধান সিঁড়িটির তীরে এই বাংলায়
ii. হয়তো দেখিবে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে
iii. আবার আসিব আমি বাংলার নদী মাঠ খেত ভালোবেসে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. বুদ্ধদেব বসু কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?
ক ১৯৩০ খ ১৯৭০
গ ১৯৭৪ ঘ ১৯৭৩

৩৬. 'কঙ্কণ' অর্থ কী?
ক শব্দ খ কাঁকন
গ বাতাস ঘ কাঁপন

৩৭. সেদিনও এমনি নীল গগনের বসনে শীতের শেষে-এর পূর্বের লাইনটি কী?
ক একুশে ফেব্রুয়ারি, একুশে ফেব্রুয়ারি
খ আমার শহিদ ভাইয়ের আত্মা ডাকে
গ রাত জাগা চাঁদ চুমো খেয়েছিল হেসে
ঘ আমি কি ভুলিতে পারি

৩৮. 'বঙ্গভূমির প্রতি' কবিতার 'বর' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক প্রার্থনা খ স্বামী
গ আশীর্বাদ ঘ বিদায়

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
শুন হে মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই

৩৯. উদ্দীপকটির সাথে সাদৃশ্য রয়েছে কোন কবিতার?
ক নারী খ প্রার্থী
গ দুই বিঘা জমি ঘ মানবধর্ম

৪০. 'সেই মনে পড়ে জ্যৈষ্ঠের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম'- বাক্যটিতে যে বিষয় ফুটে উঠেছে—
i. স্মৃতিকাতরতা
ii. স্মৃতি রোমন্থন
iii. প্রতারকের প্রতি ক্ষোভ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com